


বর্ধমান জিলা পরিষদ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে বর্ধমান জেলা পরিষদের অধীনে নিম্ন লিখিত সম্পত্তি মেমারী ডাকবাংলো, চকদীঘিরোড, মেমারী, বর্ধমান স্থানে ০৬/০৪/১৫ (সোমবার) তারিখে বেলা ২.০০ ঘটিকায় এক বৎসরের জন্য (১৪২২ সাল) অস্থায়ী ভাবে দখল করিবার অনুমোদিত ও ইজারা বন্দোবস্তের জন্য জেলা পরিষদের অনুমোদন সাপেক্ষে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হইবে। যাহার ইজারা লইতে ইচ্ছুক তাহার ঐ তারিকে ঐ সময়ের মধ্যে উক্ত স্থানে উপস্থিত হইয়া নিলাম ডাক দিতে পারেন। সর্বোচ্চ ডাকের সমস্ত টাকা নিলাম শেষ হইবার সঙ্গে সঙ্গে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাক জেলা পরিষদ দ্বারা অনুমোদিত না হইলে পূর্ববর্তী নিলাম নাকচ হইয়া যাইবে ও ঐ সম্পত্তি পুনরায় নিলাম করা হইবে। পূর্ববর্তী ডাককারীকে তাহার দেওয়া টাকা দরখাস্ত করিয়া ফেরত লইতে হইবে। ডাক অনুমোদন পত্র প্রেরণের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে জেলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে, নতুবা তাহার বন্দোবস্ত বিনা নোটে নাকোচ হইয়া যাইবে ও তাহার দেওয়া টাকাও বাজেয়াপ্ত হইবে।


ডাককারীগন নিলাম ডাক দিবার পূর্বে জেলা পরিষদের অনুমোদিত চুক্তিপত্রের শর্ত সকল পড়িয়া দেখিবেন এবং সেই অনুযায়ী নিজ নিজ ডাক দিবেন পরে এ সম্বন্ধে কোন আশ্রয় গ্রাহ্য হইবে না। নিলাম ডাকের অংশগ্রহণের পূর্বে জামিন জমা হিসাবে ৫০০০ টাকা জমা দিতে হইবে অন্যথায় নিলাম ডাকে অংশগ্রহণ করা যাইবে না। সর্বনিম্ন সরকারী ধার্য মূল্য ১২,২৪০/- টাকা। জেলা পরিষদ সর্বোচ্চ ডাক অনুমোদন করিতে বাধ্য থাকিবে না।

সম্পত্তির বিবরণ:- বিজুর-২ গ্রাম পঞ্চায়েত এলাকায় নান্না গ্রামে 'নতুনপুকুর' নামক পুষ্করিণী, থানা-মেমারী, পঃসঃ-মেমারী-২, মৌজা-নান্না, খতিয়ান নং-২৮৬, দাগ নং-৩৭০, পরিমাণ-১.৯৬ একর (কম-বেশি)



অবর সহ বাস্তকার
মেমারী, বর্ধমান জেলা পরিষদ

প্রতিলিপি মাননীয় জেলা বাস্তকার, বর্ধমান জিলা পরিষদ / সভাপতি, মেমারী-২ পঞ্চায়েত সমিতি/বিডিও মেমারী-২ ব্লক/প্রধান, বিজুর-২ গ্রাম পঞ্চায়েত/ সহ বাস্তকার, বর্ধমান -১ / নোটিশ বোর্ড, মেমারী, বর্ধমান জেলা পরিষদ নোটিশ বোর্ড, বর্ধমান জিলা পরিষদ -এর নিকট বহুল প্রচারের জন্য প্রেরিত হল।




অবর সহ বাস্তকার
মেমারী, বর্ধমান জেলা পরিষদ

মেমারী - মেমারী/৪২/৭/২

তারিখ - ২৬/৩/২০১৬

উপ সচিব/ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org> তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।



অবর সহ বাস্তকার
মেমারী, বর্ধমান জেলা পরিষদ